

জাতীয় বিশ্ববিদ্যালয়ে সিলেবাসও নকল!

॥ ইত্তেফাক রিপোর্ট ॥
জাতীয় বিশ্ববিদ্যালয়ের নকল সিলেবাস
বাজারে পাওয়া যাচ্ছে। সুকৌশলে মাস্টার্স অব
বিজনেস স্টাডিজের (ফাইনাল কোর্স) এ
সিলেবাস বিক্রি হচ্ছে দেশের লাইসেন্সহীনভাবে।
সরকারি-বেসরকারি কলেজের শিক্ষকদের কাছে
বিনামূল্যে পৌঁছে দেয়া হচ্ছে নকল সিলেবাসটি।
বইয়ের গ্রন্থদ আসল বা মূল সিলেবাসের মতই
তত্বের সূক্ষতবে রেফারেন্স বই হিসাবে
বিষয়ে একটি অতিরিক্ত (৪র্থ পৃঃ ৭-এর

জাতীয় বিশ্ববিদ্যালয়ের (প্রথম পৃঃ পর)

বই সংযোজন করা হয়েছে। উদ্দেশ্য, এ নিয়মানের বইগুলো কিনতে শিক্ষক ও ছাত্র-ছাত্রীদের
প্ররোচিত করা। কোন প্রকাশনী বইটি প্রকাশ করছে তারও কোন নাম-ঠিকানা নেই। শিক্ষকদের
কাছে যে বইটি বিনামূল্যে দেয়া হয়েছে সে বইয়ের দ্বিতীয় পৃষ্ঠায় "তত্ত্বস্বাসনই সৈকত মার্কেটিং
ম্যানোজার" এবং ৩টি মোবাইল ফোন নম্বরযুক্ত একটি সীল দেয়া আছে। ছাত্র পরিচয়ে কৌশলে তার
কাছ থেকে প্রকাশনীর ও মালিকের নাম সংগ্রহ করতে হয়েছে। পরে সাংবাদিকের পরিচয় দিলে
সৈকত জানায়, তার কিছুই করার নেই, মালিকের নির্দেশমত কাজ করি। এ ব্যাপারে কমার্শ
পাবলিকেশন এর মালিক আবুল কালাম জানান, সিলেবাসে রেফারেন্স বই হিসেবে দুই-একটি নাম
সংযোজন করেছে এটা মোষের কিছু নয়। তবে তিনি স্বীকার করেন, এটা তার ঠিক হয়নি।

এ ব্যাপারে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত ডিনি অধ্যাপক সৈয়দ রাশিদুল হাসান বিশ্বয়
প্রকাশ করে বলেন, আজ সোমবার এ ব্যাপারে ব্যবস্থা নেয়া হবে। অতিমুক্ত প্রকাশনী ও মালিককে
পাঠিয়ে আওতায় আনা হবে।